

■■ চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে বলা হয়, বাড়াবাড়ি থেকে সতর্ককারী কয়েকটি শর'য়ী দলীল উল্লেখ কর।

উত্তর: বল, বাড়াবাড়ি থেকে নিষেধকারী দলীলসমূহ কুরআন ও সুন্নাহে অঢের। যেমন আল্লাহ তা'আলার বাণী: "আর না আমি ভানকারীদের অন্তর্ভুক্ত"। [সূরা সোয়াদ, আয়াত: ৮৬] আল্লাহ তা'আলা বনী ইসরাইলকে দীনের ব্যাপারে বাড়াবাড়ি করতে নিষেধ করেছেন। তিনি বলেন,

يَّأُها لَا النساء: ١٧١] يَأُهالُ أَلْ اللَّهِ لَهُ اللَّهِ اللَّهِ عَلَى اللَّهِ اللَّهُ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهُ اللَّا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّاللَّالِ اللَّهُ

"হে আহলে কিতাব তোমরা তোমাদের দীনের মধ্যে বাড়াবাড়ি করো না"। [সূরা আন-নিসা, আয়াত: ১৭১] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমরা বাড়াবাড়ি থেকে সাবধান থেকো। কারণ, তোমাদের পূর্ববর্তীরা বাড়াবাড়ির কারণেই ধ্বংস হয়েছে"। হাদীসটি আহমদ বর্ণনা করেছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেছেন, "বাড়াবাড়ি-কারীরা ধ্বংস হয়েছে; বাড়াবাড়ি-কারীরা ধ্বংস হয়েছে; বাড়াবাড়ি-কারীরা ধ্বংস হয়েছে"। হাদীসটি মুসলিম বর্ণনা করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10004

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন